



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বর্ষের পরীক্ষা শুরু

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ জুন ২০২১।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বর্ষের স্থগিত হওয়া পরীক্ষাসমূহ শুরু হয়েছে। যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ এবং সামাজিক দূরত্ব বজায় রেখে শিক্ষার্থীদের স্ব-শরীরে উপস্থিতির মাধ্যমে এ পরীক্ষা শুরু হয়। প্রথম দিন দুপুর ২টায় গনিত ও মাকেটিং বিভাগের পরীক্ষা শুরু হয়। প্রতিটি পরীক্ষার হলে সেনিটাইজারের ব্যবস্থাসহ শিক্ষার্থীদের তাপমাত্রা পরিমাপ করে পরীক্ষার হলে প্রবেশ করানো হয়। এছাড়া যদি কোন শিক্ষার্থী অসুস্থ্য থাকে সেক্ষেত্রে তাদের আলাদা ভাবে পরীক্ষা গ্রহণেরও ব্যবস্থা রাখা হয়েছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের একটি মেডিকেল টিম সার্বক্ষণিক ভাবে স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি তদারকি করছে। পরীক্ষা চলাকালীন সময়ে বিবি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন বিভিন্ন পরীক্ষার হল পরিদর্শন করে শিক্ষার্থীদের খোঁজ খবর নেন এবং সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান। এসময় বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. সুব্রত কুমার দাস, শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (চ.দা.) সাযযাদ উল্লাহ মোঃ ফয়সলসহ পরীক্ষা নিয়ন্ত্রক শাখার কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সেশনজট কমাতে সাপ্তাহিক ছুটির দিন শনিবারেও পরীক্ষা গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। উল্লেখ্য গত ৯ জুন ২০২১ তারিখ বরিশাল বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের ৩৩ তম সভায় বিভিন্ন বিভাগের স্থগিত হওয়া পরীক্ষাসমূহ ২৪ জুন ২০২১ তারিখ থেকে গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছিলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস